

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
নির্বাহী পরিচালকের দপ্তর
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

নথি: ৩০.৩১.০০০০.১৬১.০২.০০১.২৫/ ২৬৭০৫

তারিখ- ২০ মে ২০২৬।


বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টারম্যাক এলাকায় ছুপীকৃত আমদানী কার্গো দ্রুত অপসারণ/হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র:

(ক) ৩০.৩১.০০০০.১৬১.০২.০০১.২৫/১৩৫৭ক, তারিখ: ১২/০৫/২০২৬ খ্রিঃ।

১। উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্র 'ক' এর মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টারম্যাক এলাকায় আমদানিকৃত কার্গো অস্বাভাবিকভাবে সংরক্ষণের বিষয়টি ইতিমধ্যে অবহিত করা হয়েছে, কিন্তু এখন পর্যন্ত কোন কার্যকরী পদক্ষেপ গৃহীত হয়নি। উক্ত এলাকায় বর্তমানে প্রায় ৮৭৬ টন আমদানী কার্গো জমাকৃত রয়েছে। আসন্ন ঈদুল আযহা উপলক্ষে দীর্ঘ ছুটিতে আমদানী কার্গোর মজুদ আরও বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে, যা সময়মতো অপসারণ করা না হলে টারম্যাকের স্বাভাবিক অপারেশন এবং নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। এই অতিরিক্ত জমাকৃত কার্গো বিমানবন্দরের নিরাপত্তা ও অগ্নি-ঝুঁকি (Fire Hazard) সৃষ্টি করছে, যা যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনার কারণ হতে পারে। এছাড়াও উক্ত কার্গো জটের কারণে প্রতিনিয়ত ফায়ার টেন্ডার চলাচল এবং এয়ারসাইড অপারেশন বাধাগ্রস্ত হচ্ছে। উপরন্তু খোলা আকাশের নীচে সংরক্ষণের ফলে বৈরী আবহাওয়ার কারণে আমদানীকৃত মালামাল ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য যে, উপরোল্লিখিত বিষয়ে একাধিকবার পত্রালাপ করেও কোন কার্যকরী পদক্ষেপ গৃহীত হয়নি। এমতাবস্থায়, অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদের মাধ্যমে জমাকৃত কার্গো দ্রুত ডেলিভারি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে জরুরি ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



এস এম রাগীব সামাদ
গ্রুপ ক্যাপ্টেন
নির্বাহী পরিচালক
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর
কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

কার্যার্থে:

- ১। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
- ২। কমিশনার কাস্টমস, কাস্টমস হাউজ, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। জিএম (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। জিএম (জিএসই), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। সভাপতি, ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। জনাব মোহাম্মদ হাতেম, সভাপতি, বিকেএমইএ।
- ৭। জনাব মাহমুদ হাসান খান, সভাপতি, বিজিএমইএ।

অনুলিপি:

- ১। সদস্য (পরিঃপরিঃ), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। সদস্য (নিরাপত্তা), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পিএস টু চেয়ারম্যান, সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
নির্বাহী পরিচালকের দপ্তর
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

নথি: ৩০.৩১.০০০০.১৬১.০২.০০১.২৫/৩৩৭৩৮

তারিখ- ২০ মে ২০২৬।

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের গেইট-৯ এলাকায় ছুপীকৃত কুরিয়ার পণ্য দ্রুত হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র:

(ক) ৩০.৩১.০০০০.১৬১.০২.০০১.২৫/১৩৫৬ক, তারিখ: ১২/০৫/২০২৬ খ্রিঃ।

১। উপর্যুক্ত বিষয়ের আলোকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্র 'ক' এর মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের গেইট-৯ এলাকায় আমদানীকৃত কুরিয়ার পণ্য অস্বাভাবিকভাবে সংরক্ষণের বিষয়টি ইতিমধ্যে অবহিত করা হয়েছে, কিন্তু এখন পর্যন্ত কোন কার্যকরী পদক্ষেপ গৃহীত হয়নি। উক্ত এলাকায় বর্তমানে প্রায় ১৩৬ টন কুরিয়ার পণ্য জমাকৃত রয়েছে। আসন্ন ঈদুল আযহা উপলক্ষে দীর্ঘ ছুটিতে আমদানী কুরিয়ার পণ্যের মজুদ আরও বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে, যা সময়মতো অপসারণ করা না হলে বিমানবন্দরের নিরাপত্তা ও অগ্নি-ঝুঁকি (Fire Hazard)-সহ বড় ধরনের দুর্ঘটনার কারণ হতে পারে। এছাড়া খোলা আকাশের নীচে সংরক্ষণের ফলে বৈরী আবহাওয়ার কারণে আমদানীকৃত কুরিয়ার পণ্য ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য যে, উপরোল্লিখিত বিষয়ে একাধিকবার পত্রালাপ করেও কোন কার্যকরী পদক্ষেপ গৃহীত হয়নি। এমতাবস্থায়, অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদের মাধ্যমে জমাকৃত কুরিয়ার পণ্য দ্রুত ডেলিভারি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলে।

২। অতএব, বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে প্রয়োজনীয় নীতিগত দিকনির্দেশনা ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এস এম রাগীব সামাদ

গ্রুপ ক্যাপ্টেন

নির্বাহী পরিচালক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর

কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

কার্যার্থে:

- ১। কমিশনার কাস্টমস, কাস্টমস হাউজ, কুর্মিটোলা, ঢাকা।
- ২। জিএম (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। জিএম (জিএসই), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। সভাপতি, ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। জনাব কবির আহমেদ, সভাপতি, International Air Express Association of Bangladesh (IAEAB)।
- ৬। জনাব এ. কে. এম. শরিফুল হায়দার, সহ-সভাপতি, International Air Express Association of Bangladesh (IAEAB)।

অনুলিপি:

- ১। সদস্য (পরিঃপরিঃ), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। সদস্য (নিরাপত্তা), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পিএস টু চেয়ারম্যান, সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।